

তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে বিগত ২০১১ খ্রিঃ সাল থেকে নেত্রকোণা জেলা পরিষদের নিজস্ব ভবনে 'তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' চালু করা হয়েছে। উক্ত প্রশিক্ষণের ধারাবাহিকতা অনুযায়ী নেত্রকোণা জেলা পরিষদ কর্তৃক নেত্রকোণা জেলার বেকার যুবক ও যুব মহিলাদের দুই মাস ব্যাপী বিনামূল্যে কম্পিউটার প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। বর্ণিত কোর্সে ১৬তম ব্যাচে প্রশিক্ষণার্থী হিসেবে অংশ গ্রহণ করতে ইচ্ছুক আবেদনকারীগণকে নিম্নোক্ত শর্তসমূহ প্রতিপাদন সাপেক্ষে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শর্তসমূহ :

- ১। জেলা পরিষদ, নেত্রকোণা হতে নির্ধারিত ফরম ও ফ্রমিক নম্বর সংগ্রহ করতে হবে।
- ২। প্রশিক্ষণ কোর্সে এম.এস. ওয়ার্ড, এম.এস. এক্সেল, এম.এস. পাওয়ার পয়েন্ট, ই-মেইলিং ও ইন্টারনেট ব্রাউজিং প্রোগ্রাম শিক্ষা দেয়া হবে। বিধায় প্রতিদিনের ক্লাশে উপস্থিত থাকতে হবে।
- ৩। আবেদনকারীকে অবশ্যই নেত্রকোণা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৪। আবেদনকারীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি. বা সমমান উত্তীর্ণ হতে হবে। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৫। পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রপ্তিন ছবি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৬। আবেদনপত্র আগামী ০৬/০৯/২০১৮ হতে ১২/০৯/২০১৮ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত সংগ্রহ করা যাবে। আগামী ১২/০৯/২০১৮ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত আবেদনপত্র জমা দেয়া যাবে।
- ৭। কোর্সে 'ক' ও 'খ' গ্রুপে ৩০ জন করে মোট ৬০ জন প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান করা হবে। আবেদন প্রাপ্তি সাপেক্ষে নারী-পুরুষ সমান সংখ্যক প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য বিবেচনা করা হবে।
- ৮। কোর্সটি প্রতি কার্যদিবসে 'ক' গ্রুপে সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ১২.০০ ঘটিকা এবং 'খ' গ্রুপে বেলা ১২.০০ ঘটিকা হতে দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত ২.০০ ঘন্টা ব্যাপী চলবে। কোর্সের মেয়াদ কাল ৬০ দিন।
- ৯। কর্তৃপক্ষ যে কোন সময় সিদ্ধান্তের পরিবর্তন/পরিবর্তন করতে পারবেন।
- ১০। জেলা পরিষদের (www.zpnetrokona.com) ওয়েবসাইটে এই নোটিশ পাওয়া যাবে।
- ১১। আগামী ১৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় জেলা পরিষদ মিলনায়তনে প্রশিক্ষণার্থী বাছাই পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণার্থী বাছাই পরীক্ষার জন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
- ১২। প্রশিক্ষণ চলাকালীন সময়ে নিয়মিত উপস্থিত থাকা বাধ্যতামূলক। পরপর ০৩ দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অনুপস্থিত থাকলে তাকে সনদ প্রদান করা হবে না।
- ১৩। চূড়ান্ত পরীক্ষার প্রশ্নপত্র এবং উত্তরপত্র অনলাইনে প্রণয়ন ও মূল্যায়ন করা হবে। ন্যূনতম পাশ মার্ক পেতে ব্যর্থ হলে সনদ প্রদান করা হবে না।


(বাবর আলী মীর)

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নেত্রকোণা
ফোন : ০৯৫১-৬১৭২০ (অ)
E-mail : zpnetrokona@yahoo.com

স্মারক নং- জেপনে/প্রঃ/XXXIV-৫/২০১২-১৩/ 898(20)

তারিখ : ০৬/০৯/২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। চেয়ারম্যান, জেলা পরিষদ, নেত্রকোণা।
- ২। জেলা প্রশাসক, নেত্রকোণা।
[দৃষ্টি আকর্ষণ : সহকারী কমিশনার, শিক্ষা শাখা।]
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), নেত্রকোণা।
- ৫। অধ্যক্ষ,
- ৬। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক বাংলার নেত্র, মোজারপাড়া, নেত্রকোণাকে বিজ্ঞপ্তিখানা আগামী ০৬/০৯/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে ভেতরের পাতায় স্বল্প পরিসরে ৩ কলামে ৭" লম্বায় প্রকাশ করা জন্য অনুরোধ করা হলো।
- ৭। নোটিশ বোর্ড/জেলা পরিষদ ওয়েবসাইট (www.zpnetrokona.com), নেত্রকোণা।


(বাবর আলী মীর)

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নেত্রকোণা।